



# বাংলাদেশ পব্লী উন্নয়ন বোর্ড

পব্লী ভবন

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০.০০.২০৫.১১.০০৪.১২.১০১২

তারিখ: ৭ ফেব্রুয়ারি ২০১৭

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পব্লী উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর আওতায় অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নবর্ণিত পদে ও শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের পার্শ্বে বর্ণিত বেতনক্রম (বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ডাভাদিসহ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত/স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে—

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী প্রোগ্রামার	২২০০০- ৫৩০৬০/-	১	(a) Master's Degree or 4 years Honours Degree in any subject or B.Sc. in Engineering or Computer Science; (b) Must pass standard test for programming.
২	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	২২০০০- ৫৩০৬০/-	১	(a) B.Sc. Engineering in Computer Engineering/ Electrical or Electronic Engineering; (b) Must qualify standard aptitude test.
৩	ডাটাএন্ট্রি অপারেটর	৯৩০০-২২৪৯০/-	২	(a) HSC preferably in science group; (b) Must qualify standard aptitude test for Data Entry Operator.

### শর্তাবলি:

- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের তিনকপি ছবি, ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র/জন্ম নিবন্ধন সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে। সংযুক্ত সকল সনদের অনুলিপি এবং ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সিলসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে প্রার্থীকে চাকুরীর আবেদনপত্রের সাথে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতামহ/মাতামহ) মুক্তিযোদ্ধার সনদপত্রের সরকারি নির্দেশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি; (খ) এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও ডিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি; এবং (গ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে “মহাপরিচালক, বিআরডিবি” শিরোনামে শুধুমাত্র সোনালী/অহণী/জনতা ব্যাংক হতে ক্রমিক নং ১ হতে ২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা এবং ক্রমিক নং ৩ এ বর্ণিত পদের জন্য ২৫০/- টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট/পেঅর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পেঅর্ডার নম্বর ও তারিখ আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭/০২/২০১৭ খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- বাংলাদেশ পব্লী উন্নয়ন বোর্ডের কার্যক্রম মার্চেন্ট্রিক বিধায় প্রার্থীদেরকে দেশের পব্লী এলাকায়/প্রত্যন্ত এলাকায় অবস্থানপূর্বক কাজ করার মানসিকতা থাকতে হবে এবং নির্বাচিত প্রার্থীদেরকে বাংলাদেশের যে কোন স্থানে এই দপ্তরের অধীন কার্যালয়ে পদায়ন করা যাবে।
- নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সকল কোটা সংরক্ষণসহ সরকারি বিধি-বিধান ও নীতিমালা অনুসরণীয় হবে।
- সরকারি/আধাসরকারি/স্বায়তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মূল আবেদনপত্র অবশ্যই ০৭/০৩/২০১৭ খ্রি. তারিখের মধ্যে পৌছাতে হবে।
- উল্লিখিত পদের জন্য নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হবে। সকল পরীক্ষা কেন্দ্রীয়ভাবে ঢাকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত অর্থাৎ ০৭/০৩/২০১৭ খ্রি. তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনরূপ তথ্য গোপন করা হলে পরবর্তী সময়ে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসংখ্যার হ্রাস-বৃদ্ধি ঘটতে পারে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- আবেদনপত্রের খামের উপর প্রার্থীর পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে যে কোন ভদ্রির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- অগ্রহণী প্রার্থীগণকে উপরোল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে আগামী ০৭/০৩/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ‘মহাপরিচালক, বাংলাদেশ পব্লী উন্নয়ন বোর্ড, পব্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫’ বরাবরে আবেদনপত্র পৌছাতে হবে। একটি কক্ষে একাধিক আবেদনপত্র প্রেরণ করা যাবে না। আবেদনপত্রসহ সংযোজিত সকল কাগজপত্র এ-৪ সাইজের (৮.৫"X১১") কাগজে হতে হবে। অত্র বিজ্ঞপ্তি এবং নির্ধারিত আবেদন ফরম বিআরডিবি'র ওয়েবসাইটে (www.brdb.gov.bd) পাওয়া যাবে।

মোঃ আব্দুল হাকিম

যুগ্ম পরিচালক (প্রশাসন)

এসসি-২৬২/১৭ (১১'x৩)